

মুজিববর্ষ উদযাপন

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে এ সংক্রান্ত জাতীয় কমিটি ও পরিকল্পনা মন্ত্রণালয়ের অন্যান্য বিভাগের সাথে সমন্বয় করে বর্ষব্যাপী কর্মসূচি পালন অব্যাহত রয়েছে। উক্ত বিষয়ে এ বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ নিম্নরূপ:

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-ঐর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে গত ১৭ মার্চ ২০২০ তারিখে আইএমইডিতে একটি বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে;




চিত্র: আইএমইডি'র লাইব্রেরিতে স্থাপিত বঙ্গবন্ধু কর্ণার

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-ঐর শততম জন্মদিবস উদযাপন উপলক্ষে আইএমইডি'তে ১৭ মার্চ ২০২০ তারিখে এক আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মাননীয় পরিকল্পনা মন্ত্রী উক্ত আলোচনা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ উপলক্ষে পরিকল্পনা মন্ত্রী মহোদয় আইএমইডি'র অফিস প্রাঙ্গণে বৃক্ষ রোপণ করেন;



- মুজিববর্ষ উদযাপন সংক্রান্ত ব্যানার ও ফেস্টুন দ্বারা আইএমইডি'র ভবনসমূহ সুসজ্জিত করা হয়;
- এ বিভাগের সকল দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে যেমন: সরকারি পত্র, আধা-সরকারিপত্র, স্মারকপত্রে স্ব-স্ব প্রতিষ্ঠানের লোগোর সাথে মুজিববর্ষের লোগোটি যথাযথভাবে ব্যবহৃত হচ্ছে;
- মুজিববর্ষের লোগো সম্বলিত মগ, টুপি, টি-শার্ট, কোটপিন, কলম ও গিফটবক্স বিতরণ করা হয়েছে।
- মুজিববর্ষে সরকারি ক্রয় সংক্রান্ত বিভিন্ন তথ্য সম্পর্কে জনসাধারণকে অবহিত করার লক্ষ্যে গত ২৬/০৮/২০২০ খ্রিঃ তারিখে সিটিজেন পোর্টাল চালু করা হয়েছে;



চিত্র: মুজিব বর্ষ উপলক্ষে সরকারি ক্রয়ে Value for Money নিশ্চিত করার লক্ষ্যে ক্রয়কার্যে জনসাধারণের মতামত প্রদানের অংশ হিসেবে সরকারি ক্রয় বাতায়ন বা Citizen Portal উদ্বোধন করা হয়েছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে এ সংক্রান্ত জাতীয় কমিটি ও পরিকল্পনা মন্ত্রণালয়ের অন্যান্য বিভাগের সাথে সমন্বয় করে বর্ষব্যাপী কর্মসূচি পালন অব্যাহত রয়েছে।